কোয়ান্টাম ফাউন্ডেশন
Quantum Foundation
সেবা উত্তম ইবাদত

১৮ তম বার্ষিক কোয়ান্টায়নে খতমে কোরআন

১২৪ কোটি বছর ইবাদতের সওয়াবের সুযোগ!

কোয়ান্টাম পরিবারের প্রিয় সদস্য,

আসসালামু আলাইকুম।

আপনি জানেন, মানবজাতির আলোকিত জীবনের দিক-নির্দেশনা আল কোরআন নাজিল হয় এ রমজানে। এই মহাগ্রন্থের দিক-নির্দেশনার আলোকে জীবনকে সঠিক পথে পরিচালিত করার জন্যে প্রয়োজন কোরআনের মর্মার্থ অনুধাবন। ধ্যানের স্তরে আত্মনিমগ্ন অবস্থায় অর্থসহ শোনার মাধ্যমেই কোরআনের মর্মার্থ অনুধাবন করা সহজ।

ধ্যানের স্তরে কোরআনকে সঠিকভাবে উপলব্ধি ও অনুধাবনের এক অনন্য আয়োজন কোয়ান্টায়নে খতমে কোরআন। একটানা সাত দিনে প্রতিদিন সাড়ে সাত ঘণ্টা করে মোট ৫২ ঘণ্টায় মৌনতা ও ধ্যানের স্তরে তরজমাসহ কোরআন তেলাওয়াত শোনার মাধ্যমে সম্পন্ন হয় এই কোয়ান্টায়নে খতমে কোরআন।

কোরআনের ধ্যান কোরআনকে জানার সাথে সাথে মানার আকুতি যেমন বাড়াবে, তেমনি বাড়াবে আপনার সওয়াব। নবীজী (স) বলেছেন, এক ঘণ্টার ধ্যান ৭০ বছরের নফল ইবাদতের চেয়ে উত্তম। আর রমজান মাসে যে-কোনো ইবাদতের সওয়াব হয় কমপক্ষে ৭০ গুণ বেশি। আবার জামায়াতে বা যৌথভাবে কোনো ইবাদত করলে তার সওয়াব বাড়ে আরো ৭০ গুণ। তাছাড়া কোরআন শিক্ষা যেহেতু ফরজ, তাই ফরজ কাজের সওয়াব নফলের ৭০ গুণ। এ হিসেবে যৌথভাবে ৫২ ঘণ্টার কোরআন-ধ্যান কমপক্ষে–(৫২ ঘণ্টা x ৭০ বছর x ৭০ x ৭০ x ৭০) = ১২৪ কোটি ৮৫ লক্ষ ২০ হাজার বছর নফল ইবাদতের চেয়ে উত্তম।

ঢাকায় কোয়ান্টায়নে খতমে কোরআনের সময়সূচি

তারিখ : ১০ জুন–১৬ জুন, ২০১৬

সময় : সকাল ৯:০০–বিকেল ৫:১৫

স্থান : কোয়ান্টাম মেডিটেশন হল (কাকরাইল), বনশ্রী, শাহবাগ, যাত্রাবাড়ী, মিরপুর, মতিঝিল, ধানমণ্ডি, সবুজবাগ, মগবাজার, উত্তরা, হাতিরপুল, লালবাগ, বংশাল, মোহাম্মদপুর, মহাখালী, বনানী, নিকেতন, আজমপুর, গাজীপুর ও নারায়ণগঞ্জ

অংশগ্রহণ অনুদান

আখেরি দোয়াসহ : ৫০০ টাকা ও (শিক্ষার্থী) ৩০০ টাকা

শুধু আখেরি দোয়ার জন্যে : ৩০০ টাকা ও (শিক্ষার্থী) ২০০ টাকা

আখেরি দোয়া

কোয়ান্টাম গ্রাজুয়েটদের জন্যে : ১৭ জুন

শুধু কোয়ান্টাম প্রো-মাস্টারদের জন্যে : ২৪ জুন

স্থান : আইডিইবি মিলনায়তন, কাকরাইল, ঢাকা

সময় : সকাল ৯টা থেকে ইফতার পর্যন্ত

alquran.org.bd

রমজানে বিশেষ আমল ॥
পূর্ণাঙ্গ আল কোরআন বাংলা মর্মবাণী পাঠ করুন, বিতরণ করুন

কোরআনের বাণীকে আরো গভীরভাবে উপলব্ধি করতে ফাউন্ডেশনের অনন্য প্রকাশনা *আল কোরআন বাংলা মর্মবাণী*। রয়েছে এর পেপারব্যাক সংস্করণ এবং আমপারা ও সপ্তসূরা সংকলন। কোরআনের মর্মার্থ মাতৃভাষায় অনুধাবন করতে *আল কোরআন বাংলা মর্মবাণী* প্রতিদিন পাঠ করুন। আন্তরিকভাবে নিমগ্ন হোন, বার বার পড়ুন।

সেইসাথে এ রমজানে কমপক্ষে ৪০ জনের কাছে পৌঁছে দিন এ মর্মবাণী। alquran.org.bd থেকে মর্মবাণীর ফ্রি মোবাইল অ্যাপ ডাউনলোড করুন। গুরুজীর কণ্ঠে মর্মবাণীর অডিও ট্র্যাকগুলো সেহরির পরে শুনতে থাকুন। ফজরের নামাজ শেষেও যতক্ষণ ইচ্ছা শুনতে পারেন। যত বেশি সম্ভব শেয়ার করুন বন্ধুবান্ধব ও পরিচিতদের সাথে। এ রমজানে এটি হবে সর্বাধিক সওয়াবের।

হে মানুষ শোনো! (অডিও সিডি) শুনুন ও বিতরণ করুন

পবিত্র কোরআন ও হাদীসের কিছু মর্মবাণী সম্বলিত গুরুজীর কণ্ঠে বিশেষ অডিও সিডি *হে মানুষ শোনো!*-এর *পবিত্র আল কোরআনের দোয়া* ট্র্যাকটি প্রতিদিন ইফতারের আগে পরিবারের সবাইকে নিয়ে মনোযোগ দিয়ে শুনুন। শেয়ার করুন বন্ধুবান্ধব ও পরিচিতজনদের সাথে।

url.qm.org.bd/dl/hms

নিজের ও পরিচিতদের যাকাত কোয়ান্টাম যাকাত ফান্ডে জমা দিন

যাকাত ইসলামের পাঁচটি মূল স্তম্ভের একটি। পবিত্র কোরআনে প্রায় সর্বত্র নামাজ কায়েম করার সাথে সাথে যাকাত আদায় করার কথা বলা হয়েছে। যাকাত আদায় যেমন ফরজ, তেমনি সঙ্ঘবদ্ধভাবে যাকাত আদায় করা অত্যন্ত জরুরি। এ লক্ষ্যকে সামনে রেখেই ফাউন্ডেশন ১৯৯৬ সালে কোয়ান্টাম যাকাত ফান্ড গঠন করে। তাই দুস্থ ও বঞ্চিতদের পুনর্বাসনের জন্যে আপনি আপনার নিজের ও পরিচিতদের যাকাতের অর্থ কোয়ান্টাম যাকাত ফান্ডে প্রদান করুন। রুপার বর্তমান বাজারমূল্য হিসাবে ৩২ হাজার টাকা থাকলে যাকাত ফরজ হয়। ২০১৫ সালে এ ফান্ডে সংগৃহীত হয় ৮,৪৬,৯১,৬৯৯ টাকা। এ অর্থ পুরোপুরি শরিয়ত নির্ধারিত খাতে ব্যয় হয়। যাকাত সম্পর্কে আরো জানতে ফাউন্ডেশন প্রকাশিত যাকাতের ব্রোশিওরটি সংগ্রহে রাখুন। নিজে দেখুন ও বিতরণ করুন ফাউন্ডেশন প্রকাশিত ডকুমেন্টারি *যাকাত দিলে সম্পদ বাড়ে*।

রমজানে সদকা হিলিংয়ে নাম দিন

রোগ-ব্যাধি, বালা-মুসিবত থেকে মুক্তি ও জীবনে প্রশান্তি সাফল্য প্রাচুর্যের জন্যে রমজানের বিশেষ সদকা হিলিংয়ে নাম দিন। নিজের ও পরিবারের সদস্যদের জন্যে দোয়ায় নাম দেয়ার পাশাপাশি আত্মীয়-বন্ধু-পরিচিতদের উদ্বুদ্ধ করুন।

রমজানে প্রতিদিন হিলিংয়ে অংশ নিন

চারপাশে ৪০ ঘরে একাত্ম হোন প্রতিবেশীর সাথে

নবীজী (স)-এর হাদীস অনুসারে চারপাশের ৪০ ঘর পর্যন্ত যারা বসবাস করেন, তারাই প্রতিবেশী। অর্থাৎ আপনার বাসা থেকে ডানে-বামে-সামনে-পেছনে-ওপরে-নিচে মিলে ৪০টি পরিবার আপনার প্রতিবেশী। এই রমজানে একাত্ম হোন প্রতিবেশীদের সাথে। দেখা হলেই সালাম দিন, নিয়মিত তাদের খোঁজখবর নিন। তাদের সাথে আপনার হাসিমুখে মমতাপূর্ণ কথা এবং কুশল বিনিময় হতে পারে উত্তম সাদাকা। চারপাশের ৪০ ঘরের প্রতিবেশীর সাথে গড়ে উঠুক আপনার আত্মিক সুসম্পর্ক।

রমজান মাসে রক্তদান করুন

রোজা রেখেও রক্ত দেয়া যায়; এতে রোজার কোনো ক্ষতি হয় না। তাই রক্তদানের চার মাস পার হয়ে গিয়ে থাকলে রমজানে রক্তদানের মাধ্যমে আপনি কমপক্ষে ৭০ গুণ বেশি সওয়াবের অধিকারী হতে পারেন।

পবিত্র রমজান উপলক্ষে বিশেষ সাইট

পবিত্র রমজানের বিশেষ দিক-নির্দেশনা, আমল ও কোয়ান্টামের কার্যক্রম সম্পর্কে আপডেটেড থাকতে নিয়মিত ভিজিট করুন ramadan.qm.org.bd। জেনে নিন রমজানে আপনার পালনীয়-বর্জনীয় সম্পর্কে। এই সাইট থেকে সরাসরি ডাউনলোড করুন *হে মানুষ শোনো!* অডিও সিডি এবং আরবিতে পবিত্র কোরআন তেলাওয়াত ও গুরুজীর কণ্ঠে *বাংলা মর্মবাণী*।

ramadan.qm.org.bd

আপনাদের সদা কল্যাণকামী

নাহার আল বোখারী
মহাপরিচালক

কোয়ান্টাম ফাউন্ডেশন

কেন্দ্রীয় দফতর : ৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদীন সড়ক, শান্তিনগর, ঢাকা-১২১৭। **ফোন :** ০৯৬১৩-০০২০২৫, ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১৪-৯৭৪৩৩৩
কাকরাইল : ১/১ পায়োনিয়ার রোড (ওয়াইএমসিএ ভবন, নিচতলা) সেগুনবাগিচা, কাকরাইল, ঢাকা-১০০০। **ফোন :** ৯৩৫৫৭৫৬, ৮৩৯১৩৯২, ০১৭১১-৬৭১৮৫৮
বনশ্রী : ৮৩৯৬৮১৫, ০১৭৪০-৬৩০৮৫৬ **শাহবাগ :** ৯৬১৪৬৪৪, ০১৭৫৭-৪৪৩৩২২ **মতিঝিল :** ৭১৯৩২৩৯, ০১৭২১-৯০৯৩৭৭
সবুজবাগ : ৮৩৩২৭০৮, ০১৬৭০-৭০৭০০০ **উত্তরা :** ৮৯৩১৮৭৩, ০১৯২৩-৯৬৮৮৮৮ **আজমপুর :** ০১৬১৬-০০২৪০০ **বংশাল :** ০১৬৭৮-৭৪৬০৪৭
ধানমণ্ডি : ৯১১৬৫৫৭, ০১৮২২-৯৮৯৫৯৮ **মহাখালী :** ৮৮৩১৭১৪, ০১৮২১-৬৮১৯১৮ **বনানী :** ৯৮৭১৬৪২, ০১৯৭৯-০০৩০০০ **নিকেতন :** ০১৮৪৮-৩৬৬৭৪১
যাত্রাবাড়ী : ৭৫৫১৩৯৪, ০১৭৮৩-৫৯৮৫৫৮ **হাতিরপুল :** ৮১৫৬৯৬৫, ০১৯১২-৭৬৩১৩৩ **নারায়ণগঞ্জ :** ০২-৭৬৩১৩৮৬, ০১৬৮৯-০৬৬৭৬৭
মোহাম্মদপুর : ০১৬৭২-৮৮৮৬৫০ **লালবাগ :** ০১৬৭৫-৭৫২৪৬০ **গাজীপুর :** ০২-৯২৯৩৮১৬, ০১৭৪৩-৯১৩৫১১ **কুমিল্লা :** ০৮১-৬১৩৮৩, ০১৭৪০-৯০৮৩৭৮
যশোর : ০৪২১-৫১৩৯৮, ০১৯১৭-৪১৯৩০১ **খুলনা :** ০৪১-২৮৩৩৫২৮, ০১৭৪০-৯৩৯৯৯৯ **বরিশাল :** ০৪৩১-৬৪১৩৫, ০১৮৪৮-৩৭৩৫৩৬
রংপুর : ০৫২১-৫৫০৯৪, ০১৭৮৩-০১৫১০১ **দিনাজপুর :** ০১৭৫৭-৮৩৯৫৮৪ **পাবনা :** ০৭৩১-৬৪৮৮৬, ০১১৯১-৫১০৮০৮
মিরপুর : সেকশন-২, ব্লক-'ই', রোড-৬, বাড়ি-৫/২, মিরপুর, ঢাকা-১২১৬। **ফোন :** ৯০২০৭০০, ০১৭১৭-১৪৪৭২৪ **পল্লবী :** ০১৮৪৮-৩১৮৭৫১
চট্টগ্রাম : 'বদরে মহল', বাড়ি-৬৬ (২য় তলা), রোড-৬, ও.আর. নিজাম রোড আ/এ, চট্টগ্রাম-৪২০৩। **ফোন :** ০৩১-২৫৫২০০৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট : ২০১ পড়শী, কেওয়াপাড়া, মিরের ময়দান, সিলেট-৩১০০। **ফোন :** ০৮২১-৭১১৬১২, ০১৭১৩-৩০১৫২২, ০১৭১৩-৪৫৯২১২
রাজশাহী : ৫৩৪ শেরশাহ রোড, লক্ষ্মীপুর, রাজশাহী-৬০০০। **ফোন :** ০৭২১-৮১২৪৯৪, ০১৭১১-১০৪২৮৯
E-mail : info@quantummethod.org.bd **Website :** quantummethod.org.bd